শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
**ঢাকা মশক নিবারণী দপ্তর**
২২/১/এ, নূর ফাতাহ লেন, লালবাগ, ঢাকা-১২১১
www.dmco.gov.bd

**বিষয়ঃ স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৭তম শাহাদাত বার্ষিকীতে জাতীয় শোক-দিবস ২০২২ পালনের লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগের কর্মসূচির আলোকে ঢাকা মশক নিবারণী দপ্তরের কর্মসূচি বাস্তবায়নের জন্য সভার কার্যবিবরণীঃ**

সভাপতি : জনাব মোহাম্মদ শামছুল ইসলাম
উপসচিব ও ভারপ্রাপ্ত কর্মকর্তা, ঢাকা মশক নিবারণী দপ্তর।

সভার তারিখ ও সময় : ২৬ জুলাই ২০২২ খ্রি:, সকাল ১১.৩০ ঘটিকা।

সভার স্থান : ঢাকা মশক নিবারণী দপ্তরের সভা কক্ষ (কক্ষ নং-২০২)
২২/১/এ, নূর ফাতাহ লেন, লালবাগ, ঢাকা-১২১১।

উপস্থিত কর্মচারীদের তালিকা : **পরিশিষ্ট- "ক"**

**সভার আলোচনা:**

**০১.** সভার প্রারম্ভে সভাপতি জনাব মোহাম্মদ শামছুল ইসলাম স্বাধীনতার মহান স্থপতি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবারের শহীদ সদস্যগণসহ ১৫ আগস্টের সকল শহীদদের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন এবং উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে ১৫ আগস্ট, ২০২২ তারিখ সোমবার জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে প্রস্তাবিত কর্মসূচির উপর আলোচনা শুরু করেন। তিনি অবহিত করেন যে, স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৭তম শাহাদাত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনার আলোকে স্থানীয় সরকার বিভাগের প্রণীত কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে এ সভার আয়োজন করা হয়েছে। সভাপতির অনুমতিক্রমে ঢাকা মশক নিবারণী দপ্তরের জনাব মোঃ জামাল উদ্দিন, ক্যাশিয়ার (প্রশাসনিক কর্মকর্তার দায়িত্ব পালনকারী), স্থানীয় সরকার বিভাগের কর্মসূচি সভায় উপস্থাপন করেন।

০২. আলোচনায় এ দপ্তরের জনাব মোঃ আমিনুল ইসলাম ভূইয়া, হিসাবরক্ষক, জনাব মোঃ গিয়াস উদ্দিন, ষ্টোরকিপার এবং বিভিন্ন অঞ্চলে কর্মরত সুপারভাইজারগণ অংশগ্রহণ করেন।

০৩. বিস্তারিত আলোচনা শেষে ১৫ আগস্ট, ২০২২ তারিখ সোমবার, স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৭তম শাহাদাত বার্ষিকীতে জাতীয় শোক দিবস, ২০২২ যথাযথ মর্যাদায় ও ভাবগাম্ভীর্য পরিবেশে ঢাকা মশক নিবারণী দপ্তর কর্তৃক পালনের উদ্দেশ্য নিম্নবর্ণিত কর্মসূচি গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | কর্মসূচি | বাস্তবায়ন |
|---|---|---|
| ০১. | (ক) ০১ আগস্ট, ২০২২ তারিখ ঢাকা মশক নিবারণী দপ্তরের আশে-পাশে বিশেষ পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা করা হবে।<br>(খ) ১৫ আগস্ট লোগো সম্বলিত নান্দনিক ড্রপডাউন ব্যানার দপ্তরের দেয়ালে স্থাপন করা হবে। | ঢাকা মশক নিবারণী দপ্তর |
| ০২. | ১৫ আগস্ট, ২০২২ তারিখ সূর্যোদয়ের সাথে সাথে অর্ধনমিতভাবে জাতীয় পতাকা উত্তোলন করা হবে। | ঢাকা মশক নিবারণী দপ্তর |
| ০৩. | ১৫ আগস্ট, ২০২২ সকাল ৯.০০ ঘটিকায় স্থানীয় সরকার বিভাগের কর্মকর্তাদের সাথে ধানমন্ডি ৩২ নম্বর রোডের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরের সম্মুখে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হবে। | ঢাকা মশক নিবারণী দপ্তর এর সকল কর্মকর্তা/কর্মচারীবৃন্দ |

| | | |
|---|---|---|
| ০৪. | সুবিধাজনক সময়ে ঢাকা মশক নিবারণী দপ্তরে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কর্ম ও জীবনীভিত্তিক আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হবে। | ঢাকা মশক নিবারণী দপ্তর |
| ০৫. | ঢাকা মশক নিবারণী দপ্তরের কর্মকর্তা/কর্মচারীবৃন্দগণ আগস্ট মাসব্যাপী কালো ব্যাজ ধারণ করবেন। | ঢাকা মশক নিবারণী দপ্তর এর সকল কর্মকর্তা/কর্মচারীবৃন্দ |
| ০৬. | ১৫ আগস্ট, ২০২২ বাদ যোহর (দুপুর ২.০০ ঘটিকায়) সামাজিক দূরত্ব বজায় রেখে স্বাস্থ্য বিধি অনুসরণ করে দপ্তরের পাশে অবস্থিত মিসকিন আশরাফ জামে মসজিদে বঙ্গবন্ধু ও তাঁর পরিবারের আত্মদানকারী সদস্যসহ ১৫ আগস্টে সকল শহীদদের রুহের মাগফেরাত কামনা করে বিশেষ দোয়া ও মোনাজাত অনুষ্ঠানের আয়োজন করা হবে। | ঢাকা মশক নিবারণী দপ্তর |
| ০৭. | ১৫ আগস্ট, ২০২২ তারিখ সকাল ১০.০০ ঘটিকায় মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের নেতৃত্বে জনস্বাস্থ্য ও প্রকৌশল অধিদপ্তর প্রাঙ্গণে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পন ও শ্রদ্ধা নিবেদন করা হবে। | ঢাকা মশক নিবারণী দপ্তর এর উপসচিব ও ভারপ্রাপ্ত কর্মকর্তা |

০৪. পরিশেষে সভাপতি স্বাধীনতার মহান স্থপতি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৭তম শাহাদাত বার্ষিকীতে জাতীয় শোক দিবস, ২০২২ যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ এবং গৃহীত কর্মসূচি যথাযথভাবে বাস্তবায়নের জন্য ঢাকা মশক নিবারণী দপ্তরের কর্মচারীদের প্রতি আহবান জানান।

৫. সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮.০৭.২০২২

মোহাম্মদ শামছুল ইসলাম
উপসচিব, স্থানীয় সরকার বিভাগ
ও ভারপ্রাপ্ত কর্মকর্তা (অঃদাঃ)
ঢাকা মশক নিবারণী দপ্তর, ঢাকা।
ফোনঃ ০২-২২৩৩৬৯২৯৭

নম্বর: ৪৬.২০.০০০০.০০০.২৩.০০১.১৫- ৪১৮/১(৭৭) তারিখঃ ১৩ শ্রাবণ ১৪২৯ বঙ্গাব্দ
২৮ জুলাই ২০২২ খ্রিষ্টাব্দ

**অনুলিপি : সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):**

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। অতিরিক্ত সচিব, নগর উন্নয়ন/প্রশাসন, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ /ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, নগর ভবন, ঢাকা।
৪। প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, ঢাকা দক্ষিণ /ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, নগর ভবন, ঢাকা।
৫। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্থানীয় সরকার বিভাগ, সিজিএ ভবন (৫ম তলা), সেগুনবাগিচা, ঢাকা।
৬। আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল--------, ঢাকা দক্ষিণ /ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৭। সহকারী স্বাস্থ্য কর্মকর্তা, অঞ্চল-------, ঢাকা দক্ষিণ /ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৮। সুপারভাইজার (সকল), অঞ্চল-------, ঢাকা দক্ষিণ /ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৯। কম্পিউটার মুদ্রাক্ষরিক, ঢাকা মশক নিবারণী দপ্তর (কার্যবিবরণী ওয়েবসাইডে প্রকাশের জন্য)।
১০। নোটিশ বোর্ড, ঢাকা মশক নিবারণী দপ্তর।
১১। অফিস-কপি/মাস্টার কপি, ঢাকা মশক নিবারণী দপ্তর।

২৮.০৭.২০২২

মোহাম্মদ শামছুল ইসলাম
উপসচিব, স্থানীয় সরকার বিভাগ
ও ভারপ্রাপ্ত কর্মকর্তা (অঃদাঃ)
ঢাকা মশক নিবারণী দপ্তর, ঢাকা।